

# Visit of H.E. Mr. Péter Szijjártó, Minister of Foreign Affairs & Trade (MFAT), Hungary to India (May 26-27 2022)

May 27, 2022

## হাঙ্গেরির বিদেশ ও বাণিজ্য বিষয়ক মন্ত্রী (এমএফটি) হিজ এক্সেলেন্সি মিস্টার পিটার জিজার্তোর ভারত সফর ( মে 26-27, 2022 )

মে 27, 2022

ভারতের পররাষ্ট্র বিষয়ক মন্ত্রী(ইএএম)ডঃ এস জয়শংকরের আমন্ত্রণে হাঙ্গেরির বিদেশ ও বাণিজ্য বিষয়ক মন্ত্রী (এমএফটি) হিজ এক্সেলেন্সি মিস্টার পিটার জিজার্তো 26-27 মে 2022 -এ ভারতে একটি সরকারি সফর করেছেন। একটি উচ্চ পর্যায়ের বাণিজ্য প্রতিনিধি দল তার সফর সঙ্গী ছিল।

2. ভারত ও হাঙ্গেরি পারস্পরিক বিশ্বাস ও বোঝাপড়ার ভিত্তিতে একটি উষ্ণ এবং ঐতিহাসিক সম্পর্কের ভাগীদার। প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান, সংস্কৃতি ও জনগণের সাথে জনগণের বন্ধন ব্যাপী মজবুত সংযোগ দ্বারা আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কগুলি চিহ্নিত।

3. প্রতিনিধি স্তরের আলোচনা জুড়ে দুই মন্ত্রী রাজনৈতিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং জনগণের সাথে জনগণের যোগসূত্র সহ দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করেছেন। ইউক্রেন-হাঙ্গেরি সীমান্ত দিয়ে 6000 -এরও বেশী ভারতীয় নাগরিকদের প্রত্যাবর্তনের সুবিধা প্রদান এবং হাঙ্গেরি বিশ্ববিদ্যালয়গুলিতে ভারতীয় মেডিকেল শিক্ষার্থীদের ভর্তির সুযোগের প্রস্তাব দেওয়ার জন্য বিদেশমন্ত্রী হাঙ্গেরি সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করেছেন।

4. মন্ত্রীর উল্লেখ করেছেন যে, দ্বিপাক্ষিক বাণিজ্য 1 বিলিয়ন মার্কিন ডলার ছুঁতে চলেছে এবং হাঙ্গেরিতে ভারতীয় বিনিয়োগ বেড়ে চলেছে। জল, খাদ্য প্রক্রিয়া করন, স্বাস্থ্য এবং বিজ্ঞান ও প্রযুক্তি সহ বিভিন্ন ক্ষেত্রে আরো সুযোগের অন্বেষণে উভয়পক্ষ সম্মত হয়েছে। হাঙ্গেরি সৌর জোট পরিকাঠামো চুক্তিত স্বাক্ষরও করেছে।

5. উভয় পক্ষ সাংস্কৃতিক সংযোগ নিয়েও আলোচনা করেছে এবং আজাদি কা অমৃত মহোৎসব পালন ও সেই সাথে 2023 সালে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর পালনের জন্য উন্মুখ হয়ে আছে।

6. উভয়পক্ষ আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি, ভারত-ইইউ সম্পর্কের উন্নতি, ইন্দো-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল, আফগানিস্তান, শ্রীলংকা এবং ইউক্রেনের বিষয়ে মত বিনিময় করেছে।

7. বিদেশ মন্ত্রী জিজার্ভো ংবং তংসহ ভারতের বিদেশ প্রতিমন্ত্রী সন্মানীয়া শ্রীমতী মীনাঙ্কী লেখির যুগ্ম পৌরোহিত্যে ংকটি ভারত- হাঙ্গেরি বাণিজ্যিক ফোরাম 27শে মে 2022 -ং অনুর্ঠিত হয়েছে। ংই অনুর্ঠানে উভয় দেশের বরিষ্ঠ বাণিজ্যিক নেতারা ংংশগ্রহণ করেছেন। বাণিজ্যিক ফোরামে দুটি বাণিজ্যিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বিদেশমন্ত্রী জিজার্ভো সন্মানীয় আবাস ংবং নগর বিষয়ক ং পেট্রোলিয়াম ংবং প্রাকৃতিক গ্যাস মন্ত্রী শ্রী হরদীপ সিং পুরির সাথে সাক্ষাৎ করেছেন ং দুই দেশের মধ্যে শক্তি ক্ষেত্রে সহযোগিতা নিয়ে ংলোচনা করেছেন।

**নিউ দিল্লি**

**মে 27, 2022**

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.